গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
পলাশ, নরসিংদী।
ওয়েবসাইটঃ www.dwa.palash.narsingdi.gov.bd

# সিটিজেন চার্টার

নারী উন্নয়ন ও জেন্ডার সমতা আনয়নে মহিলা বিষয়ক অধিদপ্তর সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (SDG) এবং দারিদ্র বিমোচন কৌশল পত্র (PRSP) এর আলোকে নারী উন্নয়নে বিভিন্ন কার্যক্রম ও কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করছে।। মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, পলাশ, নরসিংদী হতে বিভিন্ন সেবা ও কর্মসূচি সমূহের বিবরণঃ

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তির স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময় সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | দু:স্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচি | ভিজিডি কর্মসূচির আওতায় প্রতি ২(দুই) বৎসর বা ২৪ মাস মেয়াদী ভিজিডি চক্রে দেশের সকল উপজেলায় নির্বাচিত অতিদরিদ্র মহিলাদেরকে খাদ্য সহায়তার পাশাপাশি নির্বাচিত এনজিও’র মাধ্যমে জীবনদক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ এবং টেকসই আয়বর্ধক কর্মকান্ডের প্রশিক্ষণ সেবা প্রদান করা হয়। | আবেদন ফরম, নীতিমালা ও অন্যান্য তথ্যাবলী উপজেলা মহিলা কর্মকর্তার কার্যালয় ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়ে পাওয়া যায়। | নির্বাচিত ভিজিডি কার্ডধারী মহিলা সম্পনূর্ণ বিনামূল্যে মাসিক ৩০ কেজি হারে খাদ্য সহায়তা(চাল)পেয়ে থাকেন এবং সংশ্লিষ্ট এনজিও কর্তৃক জীবন দক্ষতা ও আয় বর্ধক প্রশিক্ষণ প্রদান করা হয়। | ২৪ মাস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী। ফোনঃ ০২-৯৪৬৬৪৬৩। ই-মেইলঃ uwaopalash @gmail.com |

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তির স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময় সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ২ | মা ও শিশু সহায়তা কর্মসূচি | এই কর্মসূচির আওতায় উপজেলাধীন ইউনিয়ন/পৌরসভার নির্বাচিত দরিদ্র ও অসহায় গর্ভবতী মা'কে প্রতিমাসে ৮০০.০০ (আটশত) টাকা হারে ৩ বছর বা ৩৬ মাস পর্যন্ত ভাতা প্রদান করা হয় এবং উপকারভোগীকে চুক্তিবদ্ধ সহযোগী এনজিও কর্তৃক গর্ভকালীন, প্রসবপূর্ব ও প্রসব পরবর্তী যত্ন, মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যা, পুষ্টি, মার্তৃদুগ্ধ পান, জন্ম নিবন্ধন, স্বাস্থ্য কেন্দ্র পরিচিতি, টীকা ইত্যাদি সম্পর্কিত সচেতনতা মূলক প্রশিক্ষণ সেবা প্রদান করা হয়। একজন মা এতদসংক্রান্ত নীতিমালার শর্তপূরণ সাপেক্ষে শুধুমাত্র তার প্রথম অথবা দ্বিতীয় গর্ভাবস্থায় ভাতা পাওয়ার যোগ্যতা অর্জন করবেন। | ১। পাসপোর্ট সাইজের ছবি ৩ কপি<br>২। নিজের ও স্বামীর জাতীয় পরিচয়পত্রের স্পষ্ট কপি<br>৩। এ এন সি কার্ড/ গর্ভকালীন সেবা কার্ড (স্বাক্ষর ও সীল সহ)<br>৪। নিজ নামে সচল অনলাইন হিসাব নম্বর (ব্যাংক/মোবাইল ব্যাংক)<br>৫। নাগরিকত্ব সনদপত্রের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।<br>উপর্যুক্ত কাগজ পত্রাদি সহ সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা কমিটির মাধ্যমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় উপস্থিত হয়ে এতদসংক্রান্ত সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। | ১) বিনামূল্যে এ সেবা প্রদান করা হয়।<br>২) নির্বাচিত উপকারভোগীদের স্ব স্ব ব্যাংক/মোবাইল ব্যাংকিং হিসাবে EFT পদ্ধতিতে প্রতিমাসে মোট ৩৬ মাস পর্যন্ত এ ভাতা প্রদান করা হবে। | নির্বাচিত উপকারভোগী ১ম অথবা ২য় গর্ভধারণকালে যে কোন ১ বার ৩ বৎসর মেয়াদের জন্য ভাতা ও প্রশিক্ষণ সেবা পাবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী। ফোনঃ ০২-৯৪৬৬৪৬৩। ই-মেইলঃ uwaopalash@gmail.com |
| ৩ | মহিলা প্রশিক্ষণ কার্যক্রম | বিভিন্ন ধরণের আয়বর্ধক ব্যাবহারিক প্রশিক্ষণের মাধ্যমে ১৬ হতে ৩৫ বছর বয়সের মহিলাদের আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করা হয়। | আবেদনের জন্য নির্ধারিত আবেদন ফরম উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হতে সরবরাহ | বিনা মূল্যে প্রশিক্ষণ দেওয়া হয় এবং প্রতি কর্মদিবসে উপস্থিতির জন্য সরকার নির্ধারিত | ৩ (তিন) মাস মেয়াদী প্রশিক্ষণ।<br>বছরে ৪ টি ব্যাচ।<br>১ম ব্যাচ: জুলাই- | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী। ফোনঃ ০২- |

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তির স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময় সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| | | | করা হয়। | হারে (বর্তমানে ১০০/- টাকা) ভাতা প্রদান করা হয় । | সেপ্টেম্বর<br>২য় ব্যাচ: আক্টোবর-ডিসেম্বর<br>৩য় ব্যাচ: জানুয়ারি-মার্চ ৪র্থ ব্যাচ: এপ্রিল-জুন | ৯৪৬৬৪৬৩। ই-মেইলঃ uwaopalash @gmail.com |
| ৪ | মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম | নির্ধারিত ফরমে আবেদন করার পর উপজেলা কমিটির মাধ্যমে উপকারভোগী নির্বাচন করা হয়। এ কার্যক্রমের মাধ্যমে বিভিন্ন কর্মসূচির আওতায় জনপ্রতি ৫,০০০/- টাকা থেকে সর্বোচ্চ ১৫,০০০/- টাকা পর্যন্ত সহজ শর্তে ঋণ প্রদান করা হয়। ঋণ গ্রহীতাদের মূল টাকার উপর শুধুমাত্র ৫% থেকে ১০% হারে সার্ভিস চার্জ প্রদান করতে হয়। | ১। আবেদন ফরম<br>২। জাতীয় পরিচয়পত্র সনদ/জন্ম সনদ<br>৩। ৩ কপি পাসপোর্ট সাইজ ছবি<br>৪। ওয়ার্ড কমিশনার কর্তৃক স্থায়ী নাগরিকতার সার্টিফিকেট<br>৫। নন জুডিশিয়াল স্ট্যাম্প।<br>আবেদন ফরম, নীতিমালা ও অন্যান্য তথ্যাবলী উপজেলা মহিলা কর্মকর্তার কার্যালয়ে পাওয়া যায়। | ১। আবেদন ফরম বিনামূল্যে বিতরণ করা হয়।<br>২। তিন কপি ছবি, ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্প উপকারভোগী কর্তৃক সরবরাহ করতে হয়। | প্রতি অর্থ বছরের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে জেলা/ উপজেলায় সুবিধাজনক সময়ের মধ্যে সর্বোচ্চ ১ থেকে ৩ মাসের মধ্যে (বন্যা, প্রাকৃতিক দূর্যোগের কারণে ঋণ বিতরণ বিলম্বিত হতে পারে।) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী। ফোনঃ ০২-৯৪৬৬৪৬৩। ই-মেইলঃ uwaopalash @gmail.com |
| ৫ | স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন | এই কর্মসূচীর আওতায় স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন সমূহ নিবন্ধন, নিয়ন্ত্রণ ও তদারকি সহ সংগঠন সমূহকে বাৎসরিক অনুদান প্রদান করা হয়। | নিবন্ধনের আবেদন ফরম ও নির্দেশিকা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হতে সরবরাহ করা হয়। | ১) আবেদন ফরম ও নির্দেশিকা বিনামূল্যে সরবরাহ করা হয়।<br>২) রেজিস্ট্রেশন ফি বাবদ সোনালী ব্যাংক লি: এর স্থানীয় শাখায় ট্রেজারী চালানের | নিবন্ধনের ১-২ বছর পর হতে প্রতি বছর অনুদান প্রাপ্তির আবেদন করা যায়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী। ফোনঃ ০২-৯৪৬৬৪৬৩। ই-মেইলঃ uwaopalash |

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তির স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময় সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| | | | | মাধ্যমে ২,০০০/-(দুই হাজার) টাকা জমা প্রদান করতে হয়। | | @gmail.com |
| ৬ | নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত | মহিলা ও শিশুদের আইনগত সহায়তা প্রদানের লক্ষে উপজেলা পর্যায়ে গঠিত উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি স্থানীয়ভাবে নারী ও শিশু নির্যাতন মূলক অভিযোগের প্রেক্ষিতে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ গ্রহণের ব্যবস্থা করে থাকে। | নির্যাতিত নারী ও শিশু উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবর লিখিত আবেদনের প্রেক্ষিতে। এছাড়া ভুক্তভোগী / ভিকটিম মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর হেল্প লাইন ডেস্ক ১০৯ এ সরাসরি ফোন করে অভিযোগ জানিয়ে সেবা/ ব্যবস্থা নিতে পারেন। | বিনা মূল্যে এ সেবা দেওয়া হয়। | সেবাটি চলমান | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী। ফোনঃ ০২-৯৪৬৬৪৬৩। ই-মেইলঃ uwaopalash @gmail.com |
| ৭ | বাল্যবিবাহ প্রতিরোধ কার্যক্রম | এই কার্যক্রমের মাধ্যমে সমাজে বাল্যবিবাহের ঘটনা ঘটলে কিংবা এ সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তা প্রতিরোধের আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়। এ সংক্রান্ত অভিযোগ জানানোর জন্য টোল ফ্রি হটলাইন নাম্বার ১০৯ সরাসরি ফোন করা যায়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবর লিখিত/মৌখিক/টেলিফোন অথবা যে কোন মাধ্যমে সংবাদ পাওয়ার প্রেক্ষিতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় কর্তৃক ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। | বিনা মূল্যে এ সেবা দেওয়া হয়। | সেবাটি চলমান | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী। ফোনঃ ০২-৯৪৬৬৪৬৩। ই-মেইলঃ uwaopalash @gmail.com |
| ৮ | সচেতনতা বৃদ্ধি এবং জেন্ডার সমতা আনয়নে | নারী ও শিশু নির্যাতন, যৌন হয়রানী (ইভটিজিং),বাল্যবিবাহ, নারী ও শিশু পাচার,পারিবারিক সহিংসতা প্রতিরোধ কল্পে উঠান বৈঠক, বিভিন্ন সভা সেমিনার করা হয়ে থাকে। | প্রয়োজনীয় কাগজপত্র ও উপকরণাদি সরবরাহ থাকা সাপেক্ষে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হতে সরবরাহ | ১)বিনা মূল্যে সেবা দেওয়া হয়। ২)ভিজিডি উপকারভোগী, মাতৃত্ব কাল ভাতাভোগী, | সেবাটি চলমান | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী। ফোনঃ ০২-৯৪৬৬৪৬৩। |

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তির স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময় সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| | উদ্‌বুদ্ধ করণ কার্যক্রম | | করা হয়। | ল্যাকটেটিং মাদার উপকারভোগী, মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষনার্থী এবং সমিতির সদস্যদের মধ্যে আলোচনা ও উঠান বৈঠক এর মাধ্যমে। | | ই-মেইলঃ uwaopalash @gmail.com |
| ১০ | জাতীয় এবং আন্তর্জাতিক দিবস উদযাপন | মন্ত্রণালয় ও অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী স্থানীয় প্রশাসনের সমন্বয়ে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস/ কর্মসূচি পালন করা হয়। যেমন: আন্তর্জাতিক নারী দিবস, বেগম রোকেয়া দিবস, মা দিবস, কন্যা শিশু দিবস, আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ, জাতির জনকের শাহাদৎ বার্ষিকী দিবস, বঙ্গবন্ধুর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস, বঙ্গমাতার জন্মবার্ষিকী, মহান বিজয় দিবস, মহান স্বাধীনতা দিবস ইত্যাদি। | উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | - | সেবাটি চলমান | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী। ফোনঃ ০২-৯৪৬৬৪৬৩। ই-মেইলঃ uwaopalash @gmail.com |
| ১২ | জয়িতা অন্বেষণে বাংলাদেশ কার্যক্রম | এই কর্মসূচির আওতায় সমাজের সকল বাধা বিপত্তি অতিক্রম করে বিভিন্ন ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারীদের ৫ টি ক্যাটারগরীতে পুরস্কার ও সম্মননা প্রদান করা হয়। যথা- ক)অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী<br>খ) শিক্ষা ও চাকরি ক্ষেত্রে সাফল্য | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | জয়িতা নির্বাচনের ক্ষেত্রে কোন অর্থ গ্রহণ করা হয় না। | উর্ধ্বতন কর্তৃপক্ষের দেয়া সময় অনুযায়ী | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী। ফোনঃ ০২-৯৪৬৬৪৬৩। ই-মেইলঃ uwaopalash @gmail.com |

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তির স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময় সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| | | অর্জকারী নারী<br>গ)সফল জননী নারী<br>ঘ) নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী<br>ঙ) সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী।<br>নির্ধারিত জীবন বৃত্তান্ত ছকে তথ্য পাওয়ার পর ইউনিয়ন/পৌরসভা ও উপজেলা কমিটির মাধ্যমে বাছাই করে জেলা কমিটিতে প্রেরণ করা হয়। উপজেলা ও জেলা পর্যায়ে নির্বাচিত জয়িতাদের ০৯ ডিসেম্বর ক্রেস্ট ও সম্মাননা প্রদান করা হয়। | | | | |
| ১৩ | উপেজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রকল্প | ১৬-৪৫ বছর বয়সী মহিলাদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান এবং তাদের আয়বর্ধক কর্মকান্ডে সম্পৃক্তকরণ।<br>পলাশ উপজেলার জন্য নির্ধারিত ট্রেড সমূহঃ<br>১। বিউটিফিকেশন<br>২। ফ্যাশন ডিজাইন | ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের পর এ সংক্রান্ত ওয়েব বেইজড সফটওয়্যার www.iga.dwa.gov.bd এ অনলাইনে আবেদন করতে হবে এবং আবেদনের প্রিন্ট কপি উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ে জমা দিতে হবে। | বিনা মূল্যে এ সেবা দেওয়া হয় । | ৩ (তিন) মাস মেয়াদী প্রশিক্ষণ, বছরে ৪ টি ব্যাচ।<br>১ম ব্যাচঃ জুলাই-সেপ্টেম্বর<br>২য় ব্যাচঃ আক্টোবর-ডিসেম্বর<br>৩য় ব্যাচঃ জানুয়ারি-মার্চ ৪র্থ ব্যাচঃ এপ্রিল-জুন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী।<br>ফোনঃ ০২-৯৪৬৬৪৬৩।<br>ই-মেইলঃ uwaopalash @gmail.com |
| ১৪ | কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প | এই প্রকল্পের আওতায় ১০ থেকে ১৯ বছরের ইভটিজিং বন্ধ, বাল্য বিবাহ প্রতিরোধ, জেন্ডার বেইজড ভায়েলেন্স প্রতিরোধ, জন্মনিবদ্ধন, | সংশ্লিষ্ট ক্লাব কো-অর্ডিনেটর (সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক) অথবা উপজেলা মহিলা | বিনা মূল্যে এ সেবা দেওয়া হয় । | সারা বছর (চলমান) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী।<br>ফোনঃ ০২- |

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তির স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময় সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| | | বিবাহ নিবন্ধন,যৌতুক প্রতিরোধ, শিশু অধিকার নারী অধিকার, জেন্ডার ভিত্তিক বৈষম্য দূর, যৌন নির্যাতন ও নিপীড়ন প্রতিরোধসহ ব্যক্তিগত নিরাপত্তা বিয়য়ে ক্লাবগুলোতে প্রশিক্ষণের মাধ্যমে কিশোর-কিশোরীদের সচেতন করা হয়ে থাকে। উপজেলার ৪ টি ইউনিয়নে ৪টি এবং ঘোড়াশাল পৌরসভায় ১টি সহ মোট ৫টি ক্লাব রয়েছে। প্রতিটি ক্লাবের সদস্য সংখ্যা ৩০ জন। এর মধ্যে ২০ জন মেয়ে এবং ১০ জন ছেলে। তাছাড়া সকল ক্লাবের সদস্যরা বিভিন্ন দিবস উদযাপন, খেলাধূলা, বই-ম্যাগাজিন, সংগীত, আবৃত্তি, সাংস্কৃতিক প্রতিযোগিতা, মুক্তআলোচনা, আন্ত ক্লাব প্রতিযোগিতা ও ক্যারাটে প্রশিক্ষণ নিতে পারবে। | বিষয়ক কর্মকর্তার কার্যালয় | | | ৯৪৬৬৪৬৩। ই-মেইলঃ uwaopalash @gmail.com |